23

দৈনিক বাংলা

তারিখ 05 JUN 1996 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ......

# জাতির অস্তিত্বের স্বার্থেই গণশিক্ষা ঃ প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস বলেছেন, আমাদের অস্তিত্ব ও জাতীয় উন্নয়নের জন্য গণশিক্ষা অপরিহার্য। খবর বাসস'র।

মঙ্গলবার বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির ৩৭ সদস্যের একটি প্রতিনিধিদলের সঙ্গে আলাপকালে প্রেসিডেন্ট বলেন, উচ্চশিক্ষার ভিত্তি হিসাবে প্রাথমিক শিক্ষাকে সর্বোচ্চ অগ্রা-

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## জাতির অস্তিত্বের স্বার্থে

(প্রথম পৃষ্ঠার পর)

ধিকার দেয়া উচিত। এর আগে প্রতিনিধি দলটি তার সঙ্গে বঙ্গভবনে সাক্ষাৎ করতে আসে। সমিতির ভারপ্রাপ্ত সভাপতি শামসুল আলম প্রতিনিধিদলের নেতৃত্ব দেন।

প্রেসিডেন্ট বিশ্বাস বলেন, উজ্জ্বল কর্মজীবন শুরুর ক্ষেত্রে শিক্ষা নতুন দিগন্ত উন্মোচন করে দেয় এবং মানসিকতার বিকাশ ঘটায়। পরিকল্পিত উদ্যোগ ও অব্যাহত প্রচেষ্টা হচ্ছে সাফল্যের চাবিকাঠি।

প্রেসিডেন্ট বিশ্বাস ছাত্রদেরকে তাদের গৌরবময় অতীত সম্পর্কে শিক্ষাদানের জন্য শিক্ষকদের পরামর্শ দেন যাতে তারা ভবিষ্যতে আরও জানার ব্যাপারে আগ্রহী হয়।

দেশের প্রাকৃতিক ও মানব সম্পদের প্রাচুর্যের কথা উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন, উপযুক্ত পরিকল্পনা ও দক্ষ ব্যবস্থাপনা গ্রহণের মাধ্যমেই নিশ্চিতভাবে জনগণের ভাগ্য পরিবর্তন করা যায়। তিনি বলেন, দেশের প্রাকৃতিক ও মানব সম্পদের উন্নয়নে একটি দীর্ঘমেয়াদী কার্যকর পরিকল্পনা গ্রহণের প্রয়োজন হয়ে পড়েছে।

প্রেসিডেন্ট বিশ্বাস সন্তোষের সঙ্গে প্রকাশ করেন যে দেশের প্রাথমিক শিক্ষার উন্নয়নে যথেষ্ট কাজ করা হয়েছে এবং আরও প্রাথমিক বিদ্যালয়কে সরকারী ব্যবস্থাপনার অধীনে আনার প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

এর আগে প্রতিনিধি দলের সদস্যরা প্রেসিডেন্টের কাছে একটি স্মারকলিপি পেশ করেন। স্মারকলিপিতে তারা দেশের বেসরকারী প্রাথমিক শিক্ষকদের সমস্যা সমাধানের ব্যাপারে লক্ষ্য রাখার জন্য প্রেসিডেন্টের প্রতি অনুরোধ জানান।